# এইচএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ১ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১▶ শাহিনা ঢাকার রায়ের বাজার বস্তিতে তার পরিবার পরিজন নিয়ে বাস করত। ঢাকায় থাকা অবস্থায় তাদের আবার জায়গা নিয়ে কষ্ট ছিল ঠিকই কিন্তু বাচ্চাদের স্কুল এবং চিকিৎসা নিয়ে চিন্তা করতে হতো না। সিটি কর্পোরেশন পরিচালিত স্কুল ও চিকিৎসা কেন্দ্র আছে যেখানে গরীব লোকজন পড়াশোনা করতে পারে। বর্তমানে তারা গ্রামের বাড়ি চলে এসেছে। এখানে এসে তারা যেমন সুযোগ-সুবিধা পাচ্ছে না। তবে ব্যবসা করার জন্য শাহিনা সমাজসেবা কার্যালয় থেকে ২৫ হাজার টাকা সুদযুক্ত ঋণ পেয়েছে।

ক. কোনটি আত্মস্থ ও অনুসরণ করে একজন সমাজকর্মী সমাজের আদর্শ হিসেবে নিজেকে গড়ে তুলতে পারে? ১

খ. মানবসম্পদ উন্নয়নে সমাজকর্মের ভূমিকা কীরূপ? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের পরিধির কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত সমাজকর্মের পরিধির বিষয়টি কি মানবসম্পদ উন্নয়নে ভূমিকা রাখে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২▶ বাংলাদেশের সুপ্রিমকোর্ট বার এসোসিয়েশন নামক সংগঠনটি তাদের পেশার মান উন্নয়ন, আইনজীবীদের কাজের তদারকি নীতি নির্ধারণে ভূমিকা রাখছে। এ সংগঠনটির সদস্যপদ লাভের জন্য সদস্যদের নূন্যতম যোগ্যতার একটি মানদন্ড রয়েছে। তাদের পেশাগত এ সংগঠনটির রয়েছে আইনগত ভিত্তি এবং সামাজিক স্বীকৃতি।

ক. যুক্তরাষ্ট্রে কতসালে COS গঠন করা হয়? ১

খ. আমেরিকাকে সমাজকর্ম পেশা বিকাশের ভিত্তিভূমি বলা হয় কেন? ২

গ. সুপ্রিমকোর্ট বার এসোসিয়েশন নামক সংগঠনটির সাথে সমাজকর্মের কোন সংগঠনটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত সংগঠনটি সমাজকর্ম পেশার কোন ক্ষেত্রে কী ধরনের ভূমিকা পালন করছে? পাঠ্যবইয়ের আলোকে লেখো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩ ▶ অজ্ঞতা, কুসংস্কার আর নানা ধরনের সামাজিক সমস্যায় জর্জরিত মির্জাপুরের চারটি গ্রামের মানুষ উন্নয়নের মূলস্রোতধারা থেকে পিছিয়ে আছে। এ অবস্থায় এলাকার স্থানীয় কিছু যুবক (যারা বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা গ্রহণ করেছেন) স্থানীয় প্রশাসনের অনুমতিক্রমে গড়ে তুললেন 'আলোময় গ্রাম উন্নয়ন' নামের একটি সংগঠন। এ সংগঠনটির যুবকরা এলাকার সমস্যাগ্রস্ত মানুষদের নানা বিষয়ে পরামর্শ দান এবং সমস্যা থেকে মুক্তির উপায় নির্ধারণের কাজ করছেন। তাদের কাজের বিনিময়ে তারা সামান্য পারিশ্রমিক নিচ্ছেন।

ক. বৃত্তির সংজ্ঞা দাও। ১

খ. পেশাগত নৈতিক মানদণ্ড বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বর্ণিত 'আলোময় গ্রাম উন্নয়ন' সংগঠনটির কাজ কোন পেশার অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক পরিস্থিতি মোকাবিলায় উক্ত পেশার গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৪ ▶ রোজ সকালে হাঁটতে বের হন জনাব ফরিদুল ইসলাম। তার সাথে প্রায়ই দেখা হয় মানব সেবায় জড়িত স্থানীয় একটি সংগঠনের কিছু যুবকের। সেদিন হাঁটতে বেরিয়ে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তিনি। স্থানীয় কিছু যুবক তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যান। তার চিকিৎসা শেষে তারা তাকে বাড়িতে নিয়ে যান। জনাব ফরিদুল ইসলাম যুবকদের এ ধরনের কাজে দারুন খুশি হয়ে বলেন আমাদের সমাজে এখনও মূল্যবোধ টিকে আছে।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. সমাজকর্ম পেশার জন্য পেশাগত সংগঠন অপরিহার্য কেন? ২

গ. উদ্দীপকে যুবকদের কর্মকাণ্ডে কোন ধরনের মূল্যবোধ প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত মূল্যবোধ ছাড়াও সমাজে আরও নানা ধরনের মূল্যবোধ রয়েছে— বিশ্লেষণ করো। ৪

৫ ▶ ঢাকা থেকে বরিশাল যাওয়ার পথে কাল বৈশাখীর তাণ্ডব নৃত্যে লঞ্চ ডুবিতে প্রাণ হারান রিপন। সংসারের একমাত্র উপার্জনকারী এভাবে চলে যাওয়ায় পরিবারটি আর্থিক অনিশ্চয়তার সম্মুখীন হয়ে পড়ে। বৃদ্ধ বাবা-মা, অসহায় ছেলেমেয়েদের নিয়ে রত্না কী করবেন ভেবে পাচ্ছেন না। এ অবস্থায়

Teachingbd.com

রিপনের কর্মরত প্রতিষ্ঠান থেকে দুজন লোক এসে তাদের ভরসা দিয়ে বললেন, রিপনের জমা করা প্রভিডেন্ট ফান্ডের তিন লক্ষ টাকা খুব শীঘ্রই তারা রিপনের পরিবারের হাতে তুলে দেবেন।

ক. সামাজিক নিরাপত্তা কাকে বলে? ১

খ. সামাজিক নিরাপত্তা কর্মসূচির প্রবর্তন করা হয়েছে কেন? ২

গ. রিপনের পরিবার সামাজিক নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট কোন কর্মসূচিটির সহায়তা পাবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. পেশাগত সমাজকর্মের উক্ত কর্মসূচির ভূমিকা মূল্যায়ন করো। ৪

৬ ▶ সাজ্জাদ একজন সমাজকর্ম কর্মকর্তা। তার পরিচালিত একটি প্রকল্পে বরাদ্দকৃত সীমিত অর্থ দিয়ে তিনি সেবা গ্রহণকারীদের মৌলিক চাহিদা পূরণ করতে সক্ষম হন। একবার এক অনগ্রসর সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক উন্নয়নের চেষ্টা করে তিনি বুঝতে পারেন অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন পরস্পর পরিপূরক। নিরক্ষর, অজ্ঞ, ভাগ্যনির্ভর মানুষের অর্থনৈতিক উন্নয়ন সংক্রান্ত কাজ করতে যেয়ে তিনি বুঝতে পারেন যে এ জনগোষ্ঠীর অর্থনৈতিক উন্নতি ঘটাতে হলে তাদের নিরক্ষরতা, অজ্ঞতা ও ভাগ্যনির্ভরতা আগে দূর করতে হবে।

ক. অর্থনীতি প্রত্যয়টি কোন শব্দ থেকে উৎপত্তি হয়েছে? ১

খ. নৃবিজ্ঞান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্ম বিষয়ের সাথে কোন বিষয়ের সম্পর্কের উল্লেখ করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সমাজকর্মের সাথে উক্ত বিষয়ের সম্পর্ক আরও ব্যাপক'—মূল্যায়ন করো। ৪

৭ ▶ নিচে একটি বিষয়ের ধাপ বা স্তর দেখানো হলো—




http://teachingbd.com

ক. সমষ্টি উন্নয়নের মূল উদ্দেশ্য কী? ১
খ. সমাজকর্ম পদ্ধতি সম্পর্কে ধারণা দাও। ২
গ. উদ্দীপকে যে বিষয়টির ধাপ বা স্তর দেখানো হলো তা ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি উক্ত ধাপগুলো ছাড়াও আরও যে ধাপ রয়েছে তা বিশ্লেষণ করো। ৪

৮ ▶ 'দুটি সন্তানের বেশি নয়, একটি হলে ভালো হয়।' এমন নীতি বাংলাদেশের পোস্টার, লিফলেট বই পুঁস্তকে লিপিবদ্ধ থাকলেও দেশের প্রত্যন্ত গ্রামগুলোর চিত্র ঠিক উল্টো। এমনই একটি গ্রাম কিশোরগঞ্জের বারোহাটি। এখানকার অধিকাংশ পরিবারের কর্তা তার ওপর নির্ভরশীল সদস্যদের মুখে তুলে দিতে পারছেন না আহার। সদস্য সংখ্যা বেশি হওয়ায় মেটাতে পারছেন না সদস্যদের মৌল মানবিক চাহিদা। গ্রামটির অবস্থা উত্তরণে সমাজকর্মীরা উপরি-উক্ত নীতির বাস্তবায়নের প্রচেষ্টা চালাচ্ছেন।

ক. সর্বশেষ শিক্ষানীতি কত সালে প্রণয়ন করা হয়? ১
খ. উক্ত শিক্ষার উদ্দেশ্য ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে ইঙ্গিতকৃত নীতিটির উদ্দেশ্য ব্যাখ্যা করো। ৩
ঘ. এ ধরনের নীতি বাস্তবায়নের ক্ষেত্রে সমাজকর্মীর ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯ ▶ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিকতা ও গণসংযোগ বিভাগটি প্রতি বছর তাদের বিষয়ের তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষাগত উন্নয়নে একটি পত্রিকা প্রকাশ করে। সামজকর্ম শিক্ষার বিকাশেও আধুনিক বিশ্বের একটি দেশ এরকম একটি পত্রিকা প্রকাশের মাধ্যমে সমাজকর্মের তাত্ত্বিক ও শিক্ষাগত উন্নয়নের উদ্যোগ গ্রহণ করেছিল।

ক. Porter Lee কে ছিলেন? ১
খ. VISTA গঠন করা হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে ইঙ্গিত করা উন্নত দেশটিতে কীভাবে সমাজকর্মের পেশাগত শিক্ষার সূত্রপাত ঘটে? ব্যাখ্যা করো। ৩
ঘ. উক্ত দেশে সমাজকর্ম শিক্ষার বিকাশে প্রকাশিত পত্রিকাটিই কি প্রধান ভূমিকা পালন করেছিল? উত্তরের পক্ষে যুক্তি দাও। ৪

http://teachingbd.com

# সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২৭১

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. **সমাজকর্মের বহুল প্রচলিত সংজ্ঞা প্রদান করেছেন কে?**
ক Walter A. Friedlander
খ Gertrude wilson
গ James Midgley
ঘ Social work Dictionary

২. **সমাজকর্ম কোন ধরনের পেশা?**
ক সাহায্যকারী খ প্রধান
গ ঐচ্ছিক ঘ সৃজনশীল

৩. **NASW এর পূর্ণ রূপ কী?**
ক National Association of Several Workers
খ National Association of Social Workers
গ Normal Adminstration of Social Workers
ঘ Narmative Aim of Social Workers

৪. **সমাজকর্মের উদ্ভব ঘটেছে—**
i. সামাজিক সমস্যা সমাধানের লক্ষ্যে
ii. মানুষকে তার সামাজিক পরিবেশের সাথে সামঞ্জস্য স্থাপনের লক্ষ্যে
iii. মানুষের সর্বাত্মক কল্যাণের লক্ষ্যে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **শিল্প বিপ্লবোত্তর শিল্পায়ন ও শহরায়নের ফলে সমাজে যেসব জটিল ও বহুমুখী সমস্যার সৃষ্টি হয়েছে তা মোকাবিলা করার জন্যে কার প্রয়োজনীয়তা অনস্বীকার্য?**
ক সমাজবিজ্ঞানী খ সমাজকর্মী
গ মনোবিজ্ঞানী ঘ রাজনীতিবিদ

৬. **দারিদ্র্য অবস্থা থেকে মুক্তি পাওয়ার লক্ষ্যে প্রথমে কোন দেশ বিভিন্ন আইন প্রণয়ন করে?**
ক ইংল্যান্ড খ আমেরিকা
গ ভারত ঘ বাংলাদেশ

৭. **ইংল্যান্ডে সরকারি পর্যায়ে দরিদ্রদের সাহায্য করার প্রথম আইনগত পদক্ষেপ গ্রহণ করেন কে?**
ক রাজা পঞ্চম জর্জ খ রাজা ষষ্ঠ হেনরী
গ রাজা সপ্তম হেনরী ঘ রাজা অষ্টম হেনরী

৮. **কত সালের প্রণীত আইনকে এলিজাবেথীয় দরিদ্র আইন হিসেবে আখ্যায়িত করা হয়?**
ক ১৬০১ খ ১৬০৬
গ ১৬১১ ঘ ১৬২৫

**অনুচ্ছেদটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**
আমেরিকার ৭টি পেশাগত সংগঠনের সমন্বয়ে একটি সমিতি গঠিত হয়েছে। সমিতিটি সমাজকর্ম পেশার মানোন্নয়নে কাজ করে যাচ্ছে। উক্ত সমিতির প্রাথমিক লক্ষ্যের মধ্যে রয়েছে সংগঠনগুলোর কর্মীদের পেশাগত মানোন্নয়ন, বাস্তব উপযোগী নীতি প্রণয়ন ইত্যাদি।

৯. **উক্ত সমিতিটির সাথে নিচের কোনটির মিল রয়েছে?**
ক এনএএসডব্লিউ খ জাতীয় মহিলা সমিতি
গ সিএসডব্লিউই ঘ দান সংগঠন সমিতি

১০. **উক্ত সমিতির প্রাথমিক লক্ষ্য সংগঠনগুলোকে—**
i. বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণে সহায়তা করবে
ii. অধিকতর কার্যকরী করবে
iii. সংগঠনগুলোর ভিত দুর্বল করবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. **সমাজকর্ম কী ধরনের পেশা?**
ক কল্যাণমূলক খ সাহায্যকারী
গ ক্রমবিকাশমান ঘ আধুনিক

১২. **'পেশা হলো অন্যকে নির্দেশনা, পরিচালনা ও উপদেশ প্রদানের এমন এক জীবিকা, যার জন্য বিশেষ জ্ঞানার্জন প্রয়োজন' উক্তিটি কার?**
ক উইলবার্ড ই মোর খ লেডি উইলিয়ামস
গ এ ই বেন ঘ অমিত সেন

১৩. **পেশা হলো জীবিকা নির্বাহের বিশেষ পন্থা যেখানে—**
i. কৌশল বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করতে হয়
ii. নৈপুণ্যতা বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করতে হয়
iii. সম্পদের সদ্ব্যবহার বাস্তব ক্ষেত্রে প্রয়োগ করতে হয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**অনুচ্ছেদটি পড় এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**

| 'X' বিষয়ের বৈশিষ্ট্য |
|---|
| ১. একটি বিমূর্ত ধারণা<br>২. একটি আদর্শ মানদণ্ড যার সাহায্যে মানুষের আচরণের ভালো-মন্দ বিচার করা হয় |

১৪. **ছকের 'X' বিষয়টি দ্বারা নিচের কোনটিকে বোঝানো হচ্ছে?**
ক প্রথা খ মূল্যবোধ
গ লোকাচার ঘ সংস্কৃতি

১৫. **উক্ত বিষয়টির ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো—**
i. এটি শুধুমাত্র উন্নত সামজে বিদ্যমান
ii. এটি বিভিন্ন প্রয়োজনে বিভিন্নভাবে ব্যবহৃত হয়
iii. প্রতিটি পেশাতেই এর উপস্থিতি বিদ্যমান
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৬. **ওয়াক্ফ এর শাব্দিক অর্থ কী?**
ক ঘর খ আগার
গ মাল ঘ আটক

১৭. **সমাজসেবার মূল লক্ষ্য কোনটি?**
ক মানুষকে হেয় করা
খ মানুষকে অর্থনৈতিক সম্পদে পরিপূর্ণ করা
গ মানুষকে সহায়তা করা
ঘ মানুষকে আচার-আচরণ শিক্ষা দেওয়া

১৮. **সমাজকর্মের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে—**
i. জনগণের সমস্যার বাস্তবমুখী সমাধান করা
ii. কাজের সামঞ্জস্য বিধান করা
iii. সেবা ও সুযোগের সাথে মানুষের সংযোগ ঘটানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৯. **কত সালে সতীদাহ প্রথা রদ করা হয়?**
ক ১৮২৯ সালে খ ১৮৩০ সালে
গ ১৮৩১ সালে ঘ ১৮৩২ সালে

২০. **কত সালে লর্ড ডালহৌসি হিন্দু বিধবা আইন পাস করেন?**
ক ১৮৫৬ সালে খ ১৮৫৭ সালে
গ ১৮৫৮ সালে ঘ ১৮৫৯ সালে

২১. **কত সালে অগাস্ট কোঁৎ সর্বপ্রথম সমাজপাঠকে সমাজবিজ্ঞান বলে অভিহিত করেন?**

http://teachingbd.com

ক ১৯৩৯ সালে　খ ১৮৮০ সালে
গ ১৮৪২ সালে　ঘ ১৮৪৪ সালে

২২. 'Anthropology' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?
ক ফারসি　খ গ্রিক
গ ইংরেজি　ঘ ল্যাটিন

২৩. সমাজকর্মের পরিধিভুক্ত হলো মানুষের—
i. আর্থ-সামাজিক কল্যাণ
ii. দৈহিক কল্যাণ　iii. সাংস্কৃতিক কল্যাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৪. মানুষের বাহ্যিক আচরণ বিশ্লেষণ করে অভ্যন্তরীণ শক্তি অনুসন্ধান করে কোন বিজ্ঞান?
ক মনোবিজ্ঞান　খ সমাজকর্ম
গ নৃবিজ্ঞান　ঘ জীববিজ্ঞান

২৫. জনবিজ্ঞানের মূল প্রতিপাদ্য কোনটি?
ক. আচরণ সম্পর্কিত তত্ত্ব
খ জনসংখ্যা সম্পর্কিত তত্ত্ব
গ অর্থ সম্পর্কিত তত্ত্ব
ঘ সামাজিক সমস্যা সম্পর্কিত তত্ত্ব

২৬. বাংলাদেশে ব্যক্তি সমাজকর্মের ওপর ভিত্তি করে যে পুনর্বাসন কর্মসূচি চালু আছে তার নাম কী?
ক পঙ্গু কল্যাণ কর্মসূচি
খ প্রতিবন্ধী কর্মসূচি
গ প্রতিবন্ধী কল্যাণ কর্মসূচি
ঘ অন্ধ উন্নয়ন কর্মসূচি

২৭. 'আমরা অনুভূতি' বিষয়টি কোন দলের সাথে সম্পৃক্ত?
ক অন্তর্দল　খ বহির্দল
গ প্রাথমিক দল　ঘ গৌণ দল

২৮. দল সমাজকর্মে দলের আত্মনিয়ন্ত্রণের অধিকার নীতি অনুযায়ী সমাজকর্মীর ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হলো—
i. নিজস্ব কোনো মতামত দলের ওপর চাপিয়ে দিবে না
ii. নিজস্ব মতামত দলকে মানতে বাধ্য করবে
iii. সকল ধরনের সিদ্ধান্ত গ্রহণে দলকে সহয়তা করবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৯. দলীয় গতিশীলতা আনয়নে দল সমাজকর্মী কীভাবে ভূমিকা রাখে?
ক দলীয় দ্বন্দ্ব ও সংঘাত দূর করে
খ দলীয় সদস্যদের মনোবল দৃঢ় করে
গ দলীয় সদস্যদের মধ্যে সহযোগিতার সম্পর্ক সৃষ্টি করে
ঘ দলীয় সদস্যদের মতামতকে গুরুত্ব দিয়ে

৩০. দল সমাজকর্মে পরিকল্পিত উপায়ে দল গঠন করে সমাজকর্ম পদ্ধতি প্রয়োগের মাধ্যমে সদস্যদের কারিগরি এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ দান করা হয় কী উদ্দেশ্যে?
ক শ্রমিক কল্যাণের জন্যে
খ কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের জন্যে
গ মানব সম্পদ উন্নয়নের জন্যে
ঘ সমষ্টি উন্নয়নের জন্যে

৩১. কোনটি সামাজিক নীতি প্রণয়নের প্রথম ধাপ হিসেবে বিবেচিত হয়?
ক নীতি প্রণয়নের যৌক্তিক প্রয়োজনীয়তা নির্ধারণ
খ নীতি প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ
গ নীতির বিষয়াদি বিশ্লেষণ
ঘ নীতির চূড়ান্ত অনুমোদন ও বাস্তবায়ন

৩২. বাংলাদেশে কত সালে সর্বশেষ শিক্ষানীতি প্রণয়ন করা হয়?
ক ২০০৯ সালে　খ ২০১০ সালে
গ ২০১১ সালে　ঘ ২০১২ সালে

৩৩. ২০১০ সালের শিক্ষানীতির লক্ষ্য ও উদ্দেশ্য হচ্ছে—
i. দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব ও অখণ্ডতা রক্ষার প্রতি শিক্ষার্থীদের সচেতন করা
ii. জাতীয় ইতিহাস, ঐতিহ্যের ধারা বিকশিত করে প্রজন্ম পরম্পরায় তা সঞ্চালনের ব্যবস্থা করা
iii. দেশের সকল ক্ষুদ্র জাতিসত্তার সংস্কৃতি ও ভাষার বিকাশ ঘটানো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

অনুচ্ছেদটি পড়ো এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:
দরিদ্র কৃষক গণি মিয়ার বয়স ৩০ বছর। জাতীয় শিক্ষানীতি ২০১০ এ গণি মিয়ার মতো লোকদের লেখাপড়া শেখানোর ব্যবস্থা রাখা হয়েছে।

৩৪. গণি মিয়ার মতো লোকদের লেখাপড়ার জন্যে কীরূপ ব্যবস্থা রাখা হয়েছে?
ক প্রাথমিক শিক্ষা　খ বয়স্ক শিক্ষা
গ প্রাক-প্রাথমিক শিক্ষা　ঘ উচ্চ শিক্ষা

৩৫. উক্ত শিক্ষা গণি মিয়ার মতো লোকদের—
i. সচেতন করে তুলবে　ii. কুসংস্কারাচ্ছন্ন করবে
iii. প্রতারণা থেকে রক্ষা করবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৩৬. স্নাতক পর্যায়ে সমাজকল্যাণ কোর্স সংযোজনের মাধ্যমে শিক্ষা কার্যক্রমের প্রসার ঘটে কোন শিক্ষাবর্ষ থেকে?
ক ১৯৫৬-১৯৫৭　খ ১৯৫৮-১৯৫৯
গ ১৯৬৬-১৯৬৭　ঘ ১৯৬৮-১৯৬৯

৩৭. 'Australian Association of Social Workers' প্রতিষ্ঠিত হয়—
i. সমগ্র অস্ট্রেলিয়ার সমাজকর্মীদের ঐক্যবদ্ধ করার উদ্দেশ্যে
ii. যুদ্ধপরবর্তী সময়ে বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সমাজকল্যাণ কর্মসূচি প্রবর্তনের প্রেক্ষিতে
iii. যুদ্ধপরবর্তী সময়ে সমগ্র অস্ট্রেলিয়ার সমাজকর্মীদের সাহায্য করার লক্ষ্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

৩৮. ভারতে সমাজকর্মের পেশাগত শিক্ষার প্রথম পদক্ষেপ গৃহীত হয় কত সালে?
ক ১৯৩৬ সালে.　খ ১৯৪৪ সালে
গ ১৯৪৮ সালে　ঘ ১৯৭৪ সালে

৩৯. দক্ষিণ কোরিয়ায় কত সালে প্রথম সমাজকর্ম শিক্ষার কোর্স প্রবর্তন করা হয়?
ক ১৯৮১ সালে　খ ১৯৮২ সালে
গ ১৯৮৩ সালে　ঘ ১৯৮৪ সালে

৪০. জাপানে সমাজকর্মের ওপর প্রতিষ্ঠিত স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের নাম কী?
ক Hokkido University of Social Welfare
খ Kyoto University
গ Doshisha University
ঘ Tokyo University of Social Welfare

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | ক | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | ক | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ক |
| | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | ক | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | গ | ৩৬ | গ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | ক | ৪০ | ঘ |

Teachingbd.com
http://teachingbd.com